



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.১০৩

তারিখ: ২৬ মাঘ ১৪২৭

০৯ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: ৪ নং ঘাট হতে MV. AGOILJHARA বার্জে পরিবর্তে MV. AGOILJHARA-11 বার্জ হতে আমদানিকৃত ১৫০০ মে.টন নন বাসমতি সিদ্ধ চালের চলাচলসূচি

সূত্র: ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ২৮/০১/২০২১ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.১৯.২৭৯ নং স্মারক

২। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ৩১/০১/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৮২ নং স্মারক

৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ০৪/০২/২০২১ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.১৯.৩৫৫ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্যাকেজ-০১ এর আওতায় M/S P. K. AGRILINK PRIVATE LIMITED এর সাথে চুক্তি নং- ১৭৩৬; তারিখ-১০/১২/২০২০ খ্রি. এর বিপরীতে নগদ ক্রয়কৃত মোট ১৪৯৯.৩৩৫ মে.টন (গ্রস) বি/এল অনুযায়ী (নীট পরিমাণ ১৪৯৫.০০০ মে.টন) ভারতীয় নন-বাসমতি সিদ্ধ চাল নিয়ে আগত MV. AGOILJHARA নামীয় বার্জ এর চাল খালাস করে চলাচলসূচি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক প্রেরিত সূত্রস্থ ১ নং স্মারকের প্রেক্ষিতে সূত্রস্থ ২নং স্মারকে সূচি জারি করা হয়।

পরবর্তীতে সূত্রস্থ ৩ নং স্মারকের পত্রে জানানো হয়েছে, স্থানীয় শিপিং এজেন্ট কর্তৃক ২৮/০১/২০২১ খ্রি. তারিখের দাখিলকৃত আইজিএম অনুযায়ী বার্জের নাম MV. AGOILJHARA উল্লেখ করা হলেও উক্ত শিপিং এজেন্ট কর্তৃক ০৩/০২/২০২১ খ্রি. তারিখে বার্জের নাম MV. AGOILJHARA-11 সংশোধনপূর্বক আইজিএম দাখিল করা হয়েছে। এর প্রেক্ষিতে, জারিকৃত সূচিতে বার্জের নাম সংশোধন করে MV. AGOILJHARA-11 প্রতিস্থাপনপূর্বক সূচি প্রদানের জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, সূত্রস্থ ২নং স্মারকে উল্লিখিত MV. AGOILJHARA বার্জের নাম নির্দেশক্রমে MV. AGOILJHARA-11 বার্জ নামে প্রতিস্থাপন করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৯-২-২০২১

মোঃ ফজলে রাকী হায়দার  
উপপরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ২) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.১০৩/১(৭)

তারিখ: ২৬ মাঘ ১৪২৭  
০৯ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) ব্যবস্থাপক,..... সিএসডি



৯-২-২০২১

মোঃ ফজলে রাব্বী হায়দার  
উপপরিচালক